KARAGOLA
MAR 2

REGISTERED NO 77. Registered No 77. REGISTEREDNO77

অমৃতবাজারপত্রিকা

মূল্যঃ—অগ্রিম বার্ষিক ৮৸৹, ডাক মাশুল ১৷৹, ষাণ্মাসিক ৪৸৹, ডাক মাশুল ৸৹, ত্রৈমাসিক ৩, ডাক মাশুল ।৵৹ আনা। অনগ্রিম বার্ষিক ১০৷৹, ডাকশুল ১৷৹ টাকা। প্রতি খণ্ড ।৵৹ আনা।

বিজ্ঞাপন প্রকাশের মূল্যঃ—প্রতি পংক্তি, প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বার ৵৹, চতুর্থ ও ততাধিকবার ৵৹ আনা। ইংরেজী প্রতি পংক্তি ।৹ আনা।

১১শ ভাগ। কলিকাতাঃ—১৭ই ফাল্‌গুণ—বৃহস্পতিবার, সন ১২৮৪ সাল। ইং ২৮শে ফেব্রুয়ারি। ১৮৭৮ খৃঃ অব্দ। ৩ সংখ্যা।

অমৃতরস ॥

সর্ব্বহিতৈষী পরম কারুণিক এক সন্ন্যাসী হইতে প্রাপ্ত

মহৌষধ।

ইহা কেবল কতকগুলি দেশী ও কতক গুলিন পর্ব্বতজাত বনৌষধি সংযোগে রস প্রস্তুত হইয়া এমন অসাধারণ বহুবিধ রোগনাশক শক্তি ধারণ করিয়াছে, যে অমৃত রস উপাধিতে প্রতিষ্ঠিত হইয়া বাস্তবিক তদ্রূপ কার্য্য করিতে সমর্থ। কি মহতী আশ্চর্য্য বৃক্ষ, লতা, বল্লী প্রভৃতি বনস্পতিতে বিশ্ব-স্রষ্টা যে কি চমৎকার গুণ প্রদান করিয়াছেন তাহার নিগুঢ় মর্ম্ম লোকে সবিশেষ বিদিত থাকিলে ব্যাধি-মন্দির মানব দেহকে নানা প্রকার রোগের যন্ত্রণা দীর্ঘ কাল সহ্য করিতে হইত না, এবং অকালে কালের বশ হইতেও হইত না।

অপরঞ্চ অমৃত রস কি চমৎকার ঔষধ। ইহা সেবনে অনেক অনেক দুঃসাধ্য, কষ্টসাধ্য ও অসাধ্য রোগ ও শান্তি হইতে দেখা গিয়াছে। এমন কি ক্ষয়, যক্ষ্মা, শূল ও বহুবিধ শীরপীড়া, হৃদ্রোগ, শ্বাসকাশ, হৃদকম্প, অম্লপিত্ত অম্ল-শূল, পুরাতন জ্বর, প্রমেহ, মহামারিজ্বর, উপদংশ পারদ ঘটীত দোষ, মুত্রকৃচ্ছ্র, বহুমুত্র, রক্তবিকার, প্লীহা, পাণ্ডু যকৃৎ ও গ্রহণী প্রভৃতি সকল প্রকার রোগ প্রতিকারে ইহা উৎকৃষ্ট। স্ত্রীলোকদিগের কতকগুলিন বিশেষ রোগ আছে, এই ঔষধ তাহার শীঘ্র প্রতিকারক। সূতিকা, প্রদর, মূর্চ্ছা, ভৌতিক রোগ, স্বপ্নে ভয়দর্শন, প্রভৃতি রোগে স্বচ্ছন্দ বিধেয়। মহাপুরুষের এমনও আজ্ঞা আছে যে যথানিয়মে ঔষধ সেবন করিলে মৃতবৎসা দোষও থাকিবে না। পরন্তু এমত নির্দ্দোষ ঔষধ যে দুগ্ধপোষ্য শিশুরও সেব্য এবং পরমোপকারী।

উদাসীনের দত্ত আমার এই মহৌষধ ইংরাজি১৮৬৮ সাল হইতে প্রচার হইয়াছে। আমার প্রকাশের পরে যে কতই ইহার নকল হইল তাহার ইয়ত্তা নাই।

প্রত্যেক শিশির অগ্রিম মূল্য ৫৷০ টাকা। ডাকমাশুল আন্দাজ ১ টাকা। ব্যারিং বা পেড একই মাশুল।

ওলাউঠার অত্যাশ্চর্য্য অমোঘ বটিকা।

সকল প্রকার ঔষধ অপেক্ষা এই ঔষধের চমৎকার গুণ প্রকাশ হইয়াছে, ইহা দ্বারা অতি অল্প সময়ের মধ্যে রোগ নিবারণ হয়। অধিকাংশ লোক ৫। ৬ ঘন্টার মধ্যে আরোগ্য হইয়াছেন। শতকরা ৯০ জন রোগীর অধিক আরোগ্য হইয়াছে। ইহা তালিকা এবং সাহেব লোকের পত্র দ্বারা প্রমাণ পাওয়া গিয়াছে।

এই ঔষধের ৫০ পঞ্চাশ বটিকার মূল্য ডাকমাশুল বাদে অন্যূন ৫ টাকা মাত্র, ইহা দ্বারা ২০ জন রোগী আরোগ্য হইতে পরে।

যে সমস্ত আরোগ্য সমাচার সর্ব্বদাই আসিয়া থাকে তাহা একত্রে প্রকাশ করিতে গেলে কেবল বাহুল্য মাত্র। এজন্য তাহার মধ্যে আবশ্যকীয় কয়েক খানি নম্নে প্রকাশ করা যাইতেছে।

শ্রীহেমচন্দ্র বন্দোপাধ্যায়।
মিশির পোখরা, বেনারস।

মহাশয়ের ২ শিশি অমৃতরস সেবন করিয়া রোগীর দ্বৌকালিন জ্বর, প্লীহা ও কাশী প্রভৃতি কঠিন কঠিন রোগ সম্পূর্ণ আরোগ্য হইয়াছে। মহাশয়ের অমৃতরসের গুণ দেখিয়া চমৎকৃত হইলাম কারণ উক্ত রোগীকে ডাক্তার প্রভৃতি সকলে এক প্রকার জবাব দিয়াছিলেন, কিন্তু আপনার অমৃতরস এক শিশি সেবন করাইতেই প্রায় আরোগ্য লাভ করে। দ্বিতীয় শিশি সেবন করিয়া সম্পূর্ণ আরোগ্য ও সবল হইয়াছে।

শ্রীরামনারায়ণ সাহা এবং কোং,
নিউ মেডিকেল হল ভাগলপুর।

আমি ৪ শিশি অমৃতরস আনিয়াছিলাম তাহার মধ্যে এক শিশি শ্রীমতি মাতুলানীকে সেবন করানতে তাঁহার মূর্চ্ছা, গাত্র দাহ, শরীর দুর্ব্বলতা ও নানা প্রকার রোগ আরোগ্য হইয়াছে পুনরায় আর এক শিশি সেবন করিতে আরম্ভ করিয়াছেন। মহাশয়! আপনার এই অমৃতরস নামক মহৌষধের গুণ এক মুখে ব্যক্ত করিতে অক্ষম।

দানাপুর স্কুলের দ্বিতীয় শিক্ষক শ্রীযুক্ত বাবু নন্দলাল গুপ্ত মহাশয় তাঁহার মাতুলের কারণ এক শিশি অমৃতরস আনাইয়া সেবন করানতে তাঁহার মাতুল মহাশয় বিশেষ আরোগ্য লাভ করিয়াছেন।

শ্রীঅমৃত লাল ঘোষ,
দানাপুর।

আমি ক্রমে অমৃতরস ৩ শিশি আনাইয়া একজন কুষ্ঠরোগগ্রস্ত রোগীকে ব্যবহার করানতে উক্ত রোগীর অনেক উপকার হইয়াছে।

শ্রীচন্দ্র কুমার চক্রবর্ত্তী,
শ্বেতমন্দার, আসাম।

আমি বিগত বর্ষে ক্রমাগত ৪ ব্যক্তির জন্য অর্শ রোগের এবং একটী সম্ভ্রান্ত স্ত্রীলোকের কারণ অমৃতরস আনাইয়াছিলাম তাঁহারা ঔষধ সেবনে আশ্চর্য্য রূপে আরোগ্য হইয়াছেন। স্ত্রীলোকটীর পূর্ব্বে ৬ টী সন্তান হইয়া ৩ টীর ২দুই এক মাস বর্ত্তমান থাকিয়া, অপর একটীর জন্ম মাত্র,মৃত্যু হইয়াছিল। অমৃতরস সেবনের পরই তাঁহার গর্ভে একটী কন্যা সন্তান জন্মিয়া এপর্য্যন্ত বর্ত্তমান আছে সে ৮ মাসের হইয়াছে তাহাকে ভাল দেখা যায় অমৃতরস যে চমৎকার ঔষধ তাহা জ্ঞান করা হইয়াছে।

শ্রীনন্দ কিশোর দত্ত, নাজীর,
নওগাঁ। আসাম।

আমার একজন বন্ধু অনেক দিন হইতে ভগন্দর ও পুরাতন জ্বরে কষ্ট পাইতে ছিলেন। তিনি উত্তমোত্তম বৈদ্য ও ডাক্তার দ্বারা চিকিৎসা করাইয়া ছিলেন কিন্তু তাহাতে রোগের কিছুমাত্র উপশম না হওয়ায় তিনি জীবন আশা পরিত্যাগ করিয়া ঔষধ সেবনে একে বারে বিরত হইয়াছিলেন। আপনার অমৃতরস সেবন করাতে উত্তম রূপ আরোগ্য লাভ করিয়াছেন।

শ্রীনিশি চন্দ্র বিশ্বাস
ভবানীপুর, কলিকাতা।

আমার পত্নীর সূতিকার পীড়ার জন্য যে অমৃতর[illegible] প্রেরণ করিয়া ছিলেন তাহাতে বিশেষ উপকার হই[illegible]য়াছে।

শ্রী[illegible]াজ কুমার ঘোষাল
সীমল। কলিকাতা।

অতি আহ্লাদের সহিত জানাইতেছি যে আম[illegible] একটী বন্ধু পত্নীর রক্ত প্রদর পীড়া হইয়া অতিশয় ক[illegible] ভোগ করিতেছিলেন এমন কি সময়েসময়ে এরূপ অজ[illegible] শোণিত নির্গত হইত যে তাহা দেখিয়া হতজ্ঞান হইতে হইত। এই অবস্থাতে ডাক্তার ও বৈদ্য চিকিৎসা করা[illegible]ইতে ত্রুটী করা যায় নাই। অবশেষে মহাশয়ের জগৎ[illegible] বিখ্যাত অমৃতরস মহৌষধী ২ শিশি আনাইয়া কিছু দি[illegible] ব্যবহার করায় নিশ্চয় সম্পূর্ণ আরোগ্য হইয়াছে[illegible] মহাশয়ের মহৌষধের অপরিসীম গুণ দেখিয়া আমা[illegible] বন্ধু ও এখানকার সকলে চমৎকৃত হইয়াছে। আমা[illegible] মুক্ত কণ্ঠে জগদীশ্বরের নিকট প্রার্থনা করিতেছি [illegible] মহাশয় দীর্ঘজীবি হইয়া এইরূপ শুভ কর্ম্মে নিয়ত ব্র[illegible] থাকুন।

শ্রীরাখাল দাস চক্রবর্ত্তী
হিতসাধনী সভার সম্পাদক নানদান জেলা বর্দ্ধমা[illegible]

আপনার অমৃতরস এক শিশি আমার জন[illegible] [illegible]াকুরাণীকে সেবন করানতে তিনি আক্রান্ত পিত্তশূ[illegible] ঠ হইতে মুক্ত হইয়াছেন। তাহাতেই আপনার অমৃতর[illegible] অত্যাশ্চার্য্য গুণ পরীক্ষিত হইয়াছে।

শ্রীমহিমচন্দ্র ভট্টাচার্য্য ডেঃ পোঃ মাঃ
গঙ্গারামপুর, জেলা দিনাজপুর।

আমি জ্বর ও কাশীর ব্যারামে যৎপরোনাস্তি ব[illegible] পাইতেছিলাম অনেক ডাক্তার হাকিম ও বৈদ্য দ্বারা না[illegible] প্রকার চিকিৎসা করাইয়া কিছুতেই আরোগ্য না হওয়[illegible] অবশেষে মহাশয়ের জগদ্বিখ্যাত অমৃতরস এক শি[illegible] আনাইয়া সেবন করাতে চমৎকার আরোগ্য [illegible]য়াছি

শ্রীকা[illegible]
পীলে গ্রাম, জেলা হুগলী।

আপনার মহৌষধি অমৃতরস দুই শিশি আনাই[illegible] আমার সন্তানকে সেবন করানতে প্লীহা ও জ্বর এ[illegible] কালীন নিবারণ হইয়াছে। ধন্য আপনার অমৃতরস।

শ্রীমধুসুদন রায় চৌধুরী
জমীদার কুণ্ডী, জেলা রঙ্গপুর।

আমার পিতাঠাকুর অতীব কষ্টদায়ক ও প্রা[illegible] নাশক গ্রহিণীরোগে আক্রান্ত হওয়ায় দেশীয় চিকি[illegible] সকদিগের দ্বারা স্বর্ণপর্পটী, পক্কাম্র ও গগণসু[illegible] প্রভৃতি কয়েক প্রকার ঔষধ এবং গ্রহিণী মিহির তৈ[illegible] প্রস্তুত করাইয়া সেবন ও মর্দ্দন করণান্তর রোগের কো[illegible] হ্রাস না হইয়া বরং বৃদ্ধি প্রাপ্ত হইতে লাগিল। সর্ব্ব[illegible] শেষে আপনার অমৃতরস ৩ শিশি আনাইয়া সে[illegible] করাইয়াছিলাম তাহাতে তিনি উত্তম রূপ আরোগ্য লা[illegible] করিয়াছেন।

শ্রীঈশানচন্দ্র মুখোপাধ্যায়
বাঁশডিহা জেলা বালেশ্বর।

মহাশয়ের নিকট হইতে এক শিশি অমৃতরস আন[illegible]ইয়া তাহাতে বিশেষ উপকৃত হইয়াছি। উক্ত ঔষধ এক[illegible] সুতিকা পীড়ায় ব্যবহার করা হয় তাহাতে রোগী উত্ত[illegible] রূপ আরোগ্য লাভ করিয়াছেন।

শ্রীহরি দয়াল চৌধুরী
উকড় লাহা জেলা বর্দ্ধমান।

মহাশয়ের মহৌষধি অত্র স্থানে যিনি সেবন করিয়াছেন সকলেই সুন্দররূপ আরোগ্য লাভ করিয়াছেন।

শ্রীলোকনাথ দাস বসু
কটক।

আমার কনিষ্ঠ ভ্রাতার পুরাতন জ্বর, প্লীহা, অরুচি উদরাময় ও মুখে ঘা হইয়া অধিককাল কষ্ট ভোগ করিতেছিল এবং উত্তমোত্তম বৈদ্য ও ডাক্তার দেখান হইয়াছিল কিন্তু কিছুতেই উপশম হয় নাই। অবশেষে মহাশয়ের অমৃতরস আনাইয়া সেবন করাইয়াছিলাম তাহাতে আরোগ্য লাভ করিয়া সুন্দর ও সুশ্রী হইয়াছে।

শ্রীরাখাল দাস চক্রবর্ত্তী
হিতসাধনী সভার সম্পাদক।

আপনার অমৃতরসের কি অনির্ব্বচনীয় গুণ। ইতি পূর্ব্বে ঈদৃশ মহোপকারী ঔষধের আবিস্কার দেখা যায় নাই। আমি যে এক শিশি অমৃতরস আনয়ন করিয়াছিলাম তাহা সেবনে আরোগ্য লাভ করিয়াছি। ভরসা করি যাহারা নানাবিধ রোগে যন্ত্রণা ভোগ করিতেছেন তাহারা উল্লিখিত ঔষধ সেবনে কদাচ বিরত না হন।

শ্রীপ্রতাপ চন্দ্র দাস
কাশিম বাজার বহরমপুর।

আমার পিতাঠাকুর মহাশয় বাত-ব্যাধি, বাকরোধ হইয়া শয্যাগত, অচল ও অবশাঙ্গ ছিলেন, আপনার অমৃতরস এক শিশি ব্যবহার দ্বারা উপকার দর্শিবে বিবেচনা হইয়াছে।

শ্রীনবীনচন্দ্র ভট্টাচার্য্য
রামগঞ্জ নওয়াখালি

ওলাউঠার বটীকা।

আপনার নিকট হইতে যে ১০ টাকার ওলাউঠার ঔষধ আনাইয়াছিলাম তাহা নিঃশেষিত হইয়াছে এবং সেই সমুদয় টীকারই ফল পাইয়াছি অর্থাৎ সমুদয় রোগীই আরাম হইয়াছে।

শ্রীরমণী কান্ত রায়
দাসড়া মাণিকগঞ্জ।

আপনার নিকট হইতে আমি কলেরার পিল আনায়ো প্রায় ৯০ই জন রোগী আরোগ্য করিয়াছি।

কুমার শ্রীকৃষ্ণ গোপাল আধুর্য্য
মলিয়াতা রাজকাটী দুর্গাপুর।

CHOLERA-PILL.

I have very great pleasure in informing you that your cholera pills have been a great boon to those infected with cholera. I tried them in cases in all of which they were successful except in 5 or 6 cases.

C. W. Richardson
Chairman Satara Municipality.

I am requested by the Moharaja of Burdwan to inform you that during the recent outbreak of cholera in this place, your pills were tried in several cases, which occurred among the servants of His Highness and were found to be efficacious.

T, B. Miller
Private Secretary.

I am happy in being able to testify to the general efficacy of your cholera pills, they having proved superior to all allopathic medicines in cholera cases.

Haran Chandra Chatterji
Hd. Master Nowgong school
Nowgong, Assam.

I am exceedingly glad in informing you that your cholera pills were administered in 10 cases with successful results.

D. S. Gholker
S. N. G. Library, Kothapore
Southern Maratha country.

I have much pleasure to inform you that during the present outbreak of cholera here I have been able to cure several cases without any failure by the use of the said pills,

Tarinee Prosad
Pleader,
Judge's Court, Bhagulpore

I am much indebted to you for your cholera pills. I have administered them in upwards of [illegible] cases in which I found it to be most effcacious and I confidently say that they the best remedy for the epidemic. In fact they have [illegible] to b[illegible] [illegible]gst the cases in [illegible]

probably on account of the advanced state of the disease.

Anna Gopal, Tanna.

AMRITARASSA.

Amritarassa has really a wonderful efficacy over Hysteria. Since the administration of the Amrita my wife had had no fit,

Suresh Chander Ghose
Asst. Surgeon, Rurkee,

My sister who was suffering from chronic Dyspepsia and Dysentry for a long time, has greatly benefited by the use of one phial of your valuable Amritarassa.

Jogendra Chander Bose
Pleader, Ludhiana,

The phial of your Amritarassa that you sent me has perfectly cured me of Dyspepsia and Diarrhœa I gave a little of it to a Mr Burnham of our office for his old fever and ague; and he having recovered, desires me to write for one phial more.

Gopal Chander Gangooly
Foreign department
Simla Hill

NEW AMALGAMATED SOCIETY OF RAILWAY SERVANTS IN INDIA.

REGISTERED UNDER ACT XXI OF 1860
HEAD OFFICE ALLAHABAD.

The above Society has been established for the purpose of carrying out the following objects.

The improvement of the general condition of Railway servants in India. To afford assistance to its members when thrown out of employment. To provide legal support for its members and also render them assistance in cases of sickness. It likewise affords a superannuation allowance to old, or disabled members, and will promote such undertakings as will conduce to the improvement of the Railway service generally. In addition to the above the relatives of a deceased member, not in arrear with his subscriptions at the time of his death, are entitled to the sum of Rs. 250, Rs. 150, or Rs. 75 according to the class of subscribers the deceased member may have belonged to. There is also a Death Benefit Fund attached to the Society and on the death of any member belonging to the Fund his nominee will receive one quarter the amount there is in the Fund.

ANY Railway employee, *whatever his caste, creed, or nationality*, is eligible for membership in the Society, providing he is a *sober, steady, industrious* man who *understands* his work, and can *read*, and *write*. The following are the fees payable by members.

	On joining, including 1st month's Subscription and cost of rule book.			Monthly subscription payable in advance.		
	Rs.	Ans.	P.	Rs.	Ans.	P.
Class A.	12	4	0	2	0	0
,, B.	7	4	0	1	0	0
,, C.	3	12	0	0	8	0

And an annual assessment payable in January for all classes of eight annas per member, to revert exclusively to a Delegate Meeting Fund.

The Society is established on most of the Indian Railways, and possesses a journal of its own in which are published the proceedings of the various meetings that are held.

For further information apply to any of the Branch Secretaries or to

F. T. ATKINS
General Secretary
New Amalgamated Society of Railway Servants in India, Allahabad.

রুশ তুর্ক যুদ্ধ।

প্রকাশিত হইয়াছে। স্বাক্ষরকারীগণ মূল্য ও ডাক মাশুল /০ আনা হিসাবে পাঠাইলে পুস্তক পাইবেন। ১নং মির্জাপুর ষ্ট্রীট প্রতাপচন্দ্র মজুমদার; ১৩৫নং দরমাহাটা ষ্ট্রীট মহেশচন্দ্র ভৌমিক; ৫৫নং কালেজ ষ্ট্রীট ক্যানিং লাইব্রেরী যোগেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়; ও চিথলিয়া দোগাচি পোষ্ট পাবনা গ্রন্থকারের নিকট প্রাপ্তব্য।

মূল্য ১ টাকা ডাক মাশুল /০ আনা মাত্র।

পাষাণ প্রতিমা।

(ঐতিহাসিক দৃশ্য-কাব্য।)

শ্রীগোপালচন্দ্র মুখোপাধ্যায় প্রণীত।

কলিকাতা, পটলডাঙ্গায়, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে, ক্যানিং লাইব্রেরিতে, চীনাবাজার পদ্মচন্দ্র নাথের দোকানে এবং হোগল কুঁড়িয়ায় সংবাদ প্রভাকর কার্য্যালয়ে গ্রন্থকারের নি[illegible] প্রাপ্তব্য। মূল্য ১ এক টা[illegible] ডাক মাশুল /০ [illegible]

শ্রীযুক্ত বাবু কালী প্রসন্ন ঘোষ প্রণীত "প্রভাত চিন্তা" এবং শ্রীযুক্ত বাবু আনন্দচন্দ্র মিত্র প্রণীত "হেলেনা কাব্য, প্রথমখণ্ড' উভয়ের পরিবর্ত্তিত, পরিশোধিত এবং পরিবর্দ্ধিত সটিক নূতন সংস্করণ (যাহা আগামী ছাত্রবৃত্তি পরীক্ষার জন্য পূর্ব্ব বঙ্গ বিভাগের স্কুল সমূহের জন্য পাঠ্য নির্ব্বাচিত হইয়াছে, ও এতদুভয়ের সরল ব্যাখ্যা "ঢাকা, পটুয়াটুলী, ২৬। ২৭ নং ভবন কাব্য প্রকাশ লাইব্রেরীতেই, কে, সি, বসু এণ্ড কোং দ্বারা বিক্রিত হইতেছে।

উক্ত লাইব্রেরীতে ছাত্র বৃত্তির পাঠ্য সমুদয় পুস্তক এবং প্রসিদ্ধ প্রসিদ্ধ গ্রন্থকার দিগের গ্রন্থাদি — কাব্য, নাটক. উপন্যাস, নবন্যাস, চরিতাখ্যান ও রহস্যাদিও— বিক্রীত হইতেছে। অধিক পুস্তক ক্রয় করিলে ক্রেতাদিগকে যথোপযুক্ত কমিসন দেওয়া হয়। নগদ মূল্য সহ ডাক মাসুলএবং পেকিং খরচা পাঠাইলে অতি যত্নের সহিত বিদেশে পুস্তক পাঠাইবারও অতি সুবন্দোবস্ত করা হইয়াছে।

যথোপযুক্ত কমিসন পাইলে অতি যত্নের সহিত উক্ত লাইব্রেরীতে বিদেশীয় গ্রন্থকারবর্গের পুস্তক বিক্রয়ার্থ গচ্ছিত রাখা হয়।

বেঙ্গল হোমিওপ্যাথিক ফারমেসি।
১নং আপার সারকুলার রোড,
কলিকাতা।

এখানে সকল প্রকার হোমিওপ্যাথিক ঔষধ, ইংরাজি ও বাঙ্গলা ব্যবস্থা পুস্তক, ঔষধ পূর্ণ নানাপ্রকার গৃহ চিকিৎসার বাকস এবং চিকিৎসক ও পথিকদিগের সাথ লইয়া বেড়াইবার অতি সৌন্দর্য্য বিলাত নির্ম্মিত পকেট কেস ও অন্যান্য সহকারী দ্রব্য সকল সুলভ মূল্যে প্রাপ্ত হওয়া যায়।

গৃহ চিকিৎসার ওলাউঠার বাকস সমেত ব্যবস্থা পুস্তক।

১২ শিশি ৫ টাকা				২৪ শিশি ১০ টাকা।		
ক্যাম্ফার						১ টাকা।
পকেট কেস	শিশি	১২	২৪	৩০	৩৬	৬০
ক্ষুদ্র বটীকার সমেত ব্যবস্থা পুস্তক		৭	১২	১৫	"	২৫
১ ড্রাম শিশি			৯	১৬	"	"
২ ড্রাম শিশি			১২	২০	"	৩০
						বিনা পুস্তক।

লালবিহারি মিত্র এবং কোং,
হোঃ চিকিৎসক ও কেমিষ্ট।

NOTICE.

The following properties will be put up to sale at "De Burgh House," Shadhanpore, Burdwan, on Saturday, the 2nd. March next (19th Falgun current Bengali) at 4 P. M.

	Names of Mehals	Nature Proprietorship to be sold	Annual revenue or rent.	Where setuated.
1	Subhadrapur Towjee No. 1048.	Aymah	Rs. 7—7—6	All in Thana Gangoor Chowky and District Burdwan.
2.	Lot Samunti	Putnee	—3273—7—7	
3.	Lot Katalia	Do	—1708—7—7	
4.	Kismut Kabastikri	Do	—400—2—1	
5.	Hurkola	Do	—1640—,,—,,	
6.	Koley Kamalpur	Do	— 91—10—9	
7.	Kismut Rajpur	Do	— 417—1—,,	
8.*	Kamalpur Khojhari	Durputnee	— 666—8—,,	
9.	Lot Nandiara	Do	— 810—,,—,,	
10.	Besides these Lakraj lands, 8 ardens and Ponds in Sreedhurpur &c.			

* This if not sold on the 19th instant under a decree of of the Sub-Judge Burdwan.

৪৪

অমৃত বাজার পত্রিকা।

সন১২৮৪ সাল, ১৭ই ফাল্‌গুণ, বৃহস্পতিবার।

বিধাতা! কি পাপে ইহা হইল।

১৫ বৎসর পূর্ব্বে যিনি চাকদহা হইতে নৌকা যোগে কলিকাতায় আগমন করিয়াছেন, তাহার হয় ত স্মরণ আছে যে তখন ভাগিরথীর উভয় তটের কি মনোহর শোভা ছিল। উভয় তট ইষ্টক নির্ম্মিত ঘাটে পরিপূর্ণ এবং প্রত্যেক স্থানে প্রতি দিন সূর্য্যোদয় হইবার পূর্ব্ব হইতে সূর্য্যাস্তের পর পর্য্যন্ত লোকে পরিপূর্ণ থাকিত। স্নান, পূজা, বায়ু সেবন প্রভৃতি উপলক্ষে এখানে কত লোকেরই সমাগম হইত, কত বালক, বৃদ্ধ, যুবা, স্ত্রী, পুরুষ এক এক স্থানে সমবেত হইয়া মনের অসীম আনন্দে কত উল্লাসই প্রকাশ করিত। হিন্দু ধর্ম্মপরায়ণ ব্যক্তিরা ভক্তিরসে গদ গদ হইয়া দুই হস্তে রাশি২ পুষ্পাঞ্জলি দিতেছেন, এবং নানা বর্ণে রঞ্জিত কাশ্মীরের ভাসমান পুষ্পোদ্যানের ন্যায় গঙ্গার বক্ষঃস্থল অলৌকিক শোভা ধারণ করিতেছে। বালকেরা কুদ্দন করিয়া অত্যুচ্চ তট হইতে ভাগিরথী নীরে ঝম্প প্রদান করিতেছে, অথবা দলবদ্ধ হইয়া মীনের ন্যায় গঙ্গার বক্ষঃস্থলে অনির্ব্বচনীয় উল্লাসের সঙ্গে জল ক্রীড়া করিতেছে। রমণীরা দিগালোক করিয়া গাত্র মার্জন করিতেছেন এবং তাহাদের নির্ম্মল, উৎকণ্ঠা-শূন্য পবিত্র হৃদয় হইতে অবিশ্রান্ত আনন্দ স্রোত বিনির্গত হইয়া বায়ু রাশিতে আনন্দ তরঙ্গ উঠাইতেছে, অথবা তাহারা কক্ষে কলসীধারণ করিয়া বিদ্যুৎমালার ন্যায় শ্রেণী-বদ্ধ হইয়া গমন করিতেছেন ও জগতবাসীরা হিন্দু মহিলা-দিগের মরালগতি, সলজ্জভাব দেখিয়া চমৎকৃত হইতেছেন। এক দিন এই সমুদয় স্থান এক রূপ দেব দুর্ল্লভ ও অনুপম আনন্দের স্থান ছিল। ভাগিরথী তটে কত সুশোভিত অট্টালিকা, কত অলৌকিক পুষ্পোদ্যান, কত লোকের আবাসস্থান, কত দেবালয় ছিল, অহোরহ মনুষ্যের কোলাহলের নিবৃত্তি হইত না, অহোরহ দেবালয় হইতে মধুর সঙ্গীত স্রোত প্রবাহিত হইত। সহসা এ সমুদয় অদৃশ্য হইয়াছে। বিধাতা! কি পাপে এই সকল অন্তর্হিত হইল?

যাহা ভাগিরথীর তটে অহোরহ বিরাজ করিত, এক না এক আকারে তাহা বাঙ্গলার সর্ব্বত্র বিরাজমান ছিল। তখন হিন্দু ধর্ম্মের এক একটী উৎসব আরম্ভ হইত আর বোধ হইত যে আনন্দের তুফানে হয়ত জগত ভাসিয়া গেল। সেকালের দুর্গোৎ-সব, দোল দেল রথ প্রভৃতি উৎসব যিনি একবার দেখিয়াছেন তিনিই জানেন যে, বঙ্গদেশবাসীদের কিরূপ জীবনী শক্তি ছিল, আনন্দ উৎসব উপভোগ করার কি অসাধরণ ক্ষমতা ইহাদের ছিল। সেকালের বিবাহ অন্ন প্রাশন প্রভৃতি ক্রিয়া কলাপ উপস্থিত হইলে লোকে আনন্দে বিহ্বল হইত। গ্রামে একটী বিবাহ উপস্থিত হইলে সে দেশের লোক আনন্দে উন্মত্ত হইত। এক বাটীতে অন্ন প্রাশনের অনুষ্ঠান হইলে সহস্র গৃহে এই আনন্দলহরী প্রবাহিত হইত। এ সমুদয় অন্তর্হিত হইয়াছে বিধাতা কি পাপে আমাদের এ দুর্গতি হইল? কি পাপে দেশ জনশূন্য হইল? কি পাপে বঙ্গবাসীদের প্রফুল্ল মুখ মলিন হইল, উৎসাহপূর্ণ হৃদয় শুষ্ক হইল, আনন্দ উৎসব নির্ব্বাণ হইয়া ক্রন্দন ধ্বনি উঠিল? যে বঙ্গ সমাজে অন্নপূর্ণা হইয়া গৃহলক্ষ্মীরা অনবরত অন্ন ব্যাঞ্জন বিতরণ করিতেন অথচ ভাণ্ডার ধন ধান্যে পরিপূর্ণ থাকিত, সেখানে কেন হা অন্নের ভয়ঙ্কর রব উঠিল? বিধাতা আমরা ত জানি না যে আমরা এমন কি পাপ করিয়াছি এবং সেই পাপের জন্যে বঙ্গরাজ্যের প্রতি এই রূপ শনির দৃষ্টি পড়িল? শুনিতে পাই জগৎ শেঠের গৃহে লক্ষ্মী অচলা হইয়া বিরাজ করি-তেন, শুনিতে পাই রাণী ভবানী ৫২ লক্ষ টাকার আয় ছিল, শুনিতে পাই নবদ্বীপাধিপতি বঙ্গ হিন্দু সমাজের রাজা ছিলেন। ইহাদেরই বা কি পাপে ধ্বংশ হইল? কি পাপে গাভী দুগ্ধশূন্য হইল, মনুষ্য জরাজীর্ণ, অল্পায়ু, জীবনশূন্য হইল, দুগ্ধ, ঘৃত, আস্বাদশূন্য হইল? বৃক্ষগণ আর পূর্ব্বের ন্যায় ফল ধারণ করে না, বঙ্গবাসীরা আর পূর্ব্বের ন্যায় সুখে নিদ্রা যায় না? দেশময় ভগ্ন হর্ম্ম্য, দেশময় শোকাকুল ব্যক্তিগণের ক্রন্দন ধ্বনি, দেশময় হাহাকার, অথচ দেশে কোন ঘোর যুদ্ধ উপস্থিত নাই, রাজবিপ্লব কি মান্দ্রাজ ও বোম্বাইয়ের ন্যায় দুর্ভিক্ষ উপস্থিত হইয়াও দেশ ছিন্নভিন্ন করে নাই, বরং এখন দেশ দস্যুশূন্য হইয়াছে, প্রতি গৃহবাসীর দ্বারদেশে প্রায় রাজবিচারালয় স্থাপিত হইয়াছে, রেলওয়ে, টেলিগ্রাফ দ্বারা দেশ পরিপূর্ণ হই-য়াছে, উচ্চ শিক্ষা দ্বারা দেশবাসীদের মানসিক উৎকর্ষ হই-য়াছে, শারীরিক ও মানসিক সুখভোগের নিমিত্ত দিন২ নূতন উপকরণ সৃষ্টি হইতেছে। এখন অসভ্য যাত্রাদলের পরি-বর্ত্তে থিয়েটরের সৃষ্টি হইয়াছে, তাস পাশার পরিবর্ত্তে নূতন আমোদ আহ্লাদের সৃষ্টি হইয়াছে, দুলি পাল্কির পরিবর্ত্তে বগী চেরিয়েট হইয়াছে, রামায়ণ মহাভারতের পরিবর্ত্তে উত্তম উত্তম গ্রন্থের প্রচার হইয়াছে, কিন্তু তথাচ বঙ্গ ভূমি ক্রমে শ্মশান হইতেছে, বাঙ্গালিরা এখন মদ্যপান করিয়াও প্রফুল্ল চিত্তে নৃত্য করে না, তাহাদের হৃদয় হইতে দুঃখের স্রোত কেবল প্রবাহিত হয়, এখন কোন জয় লাভ করিয়া তাহারা উৎসব আনন্দ করেনা, কষ্টে দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ করে, পুত্র সন্তান হইলে লোকের উৎকণ্ঠা বৃদ্ধি হয়, পুত্র কি কন্যার বিবাহ লইয়া কাহার আনন্দ হয় না, মিত্রের সমাগম হইলে মুখ প্রফুল্ল হয় না, পতিব্রতা সতী স্বামীর গৃহে উপস্থিত হইয়া আর পবিত্র আনন্দে বিহ্বল হন না, প্রত্যুত তাহার হৃদয়ে যেন আরো কষ্টের বৃদ্ধি হয়। বিধাতা! বঙ্গ রাজ্যের এই রূপ দুর্গতি হইয়াছে, এদুর্গতির কি মোচন হইবে না? যদি পশ্চিম দেশীয় সভ্যতার এই অব্যর্থ ফল হয়, তাহা হইলে দুর্ব্বল বঙ্গ সমাজের এই সভ্যতা সহ্য করার শক্তি নাই, বঙ্গ সমাজ উচ্চ শিক্ষার পরিবর্ত্তে সংসারের শান্তিকে অধিক প্রার্থনীয় মনে করেন। যদি দ্বারে দ্বারে রাজ বিচারালয় স্থাপন হওয়ার অব্যর্থ ফল আত্ম কলহ হয়, তাহা হইলে এই বিচারালয় গুলি যত দূরে গমন করে ততই মঙ্গলের বিষয়। ফল যদি বঙ্গ সমাজের এই কঠোর দুর্দ্দশার দিন২ বৃদ্ধি হয় তাহা হইলে আমরা বলি, এদেশের যথেষ্ট শাস্তি হইয়াছে আর ইহাকে দগ্ধ করিবার প্রয়োজন নাই, বিধাতা বঙ্গদেশকে আর যন্ত্রণা না দিয়া ইহাকে রসা তলে নিঃক্ষেপ কর, আমরা যাহা সহ্য করিলাম আমাদের পুত্র কন্যাদের যেন তাহা আর সহ্য করিতে না হয়। আমরা যাহা সহ্য করিলাম আমাদের পুত্র কন্যাদের তাহা সহ্য করিতে হইবে ইহা চিন্তা করিলে আমাদের হৃদয় বিদীর্ণ হয়, বিধাতা হয় আমা-দিগকে ক্ষমা কর নয় বঙ্গ দেশকে একেবারে রসাতলে দেও।

—০০—

মড়ার উপর খাঁড়ার ঘা।

ফিবার হাঁসপাতাল ও ক্যাম্বেল মেডিকেল হাঁস-পাতালে রোগীদিগের ঔষধ ও অন্যান্য বিষয়ে অতিরিক্ত ব্যয় হয়। ইডেন সাহেবের মনে এই সন্দেহ হইয়াছে। তিনি এই নিমিত্ত এই দুই স্থানের হিসাব পত্র অনুসন্ধান করিতে একটী কমিটী নিযুক্ত করিয়াছেন। তিনি এ সম্বন্ধে যে রিজোলিউশন করিয়াছেন, তাহাতে এই রূপ অভিপ্রায় ব্যক্ত হইয়াছে যে, হাঁসপাতালের কর্ত্তৃপক্ষীয়েরা দেখিবেন যেন এই বিভাগটিতে অপরিমিত ব্যয় না হয়। ব্যয় সঙ্কীর্ণ করা কি দুষ্কর্ম্মিদিগকে দণ্ড প্রদান করা, অথবা অন্য কোননিগূঢ় অভিসন্ধি সাধন করার নিমিত্ত ইডেন সাহেব এইরূপ অনুসন্ধানে প্রবর্ত্ত হইয়াছেন তাহা আমরা জানি না, কিন্তু তিনি হাসপাতাল সম্বন্ধীয় ব্যয় সংকীর্ণ করিবার জন্যে যেরূপ দৃঢ়সংকল্পতা দেখাইয়াছেন, তাহাতে যে ইংলিশম্যান তাঁহার সকল কার্য্যে গুণ ভিন্ন এ পর্য্যন্ত দোষ দেখেন নাই, তিনিও তাহাতে ভীত হইয়াছেন। ইংলিশম্যান বলিয়াছেন যে, এ পর্য্যন্ত হাঁস-পাতালে যে অপব্যয় হইয়াছে তাহাতে রোগিদিগের চিকিৎসার কি আহারাদির পরিপাটির উৎকর্ষ হয় নাই, ইহাতে হয় ত যে সমুদয় নিম্নস্থ কর্ম্মচারিদের হস্তে এই সমু-দয় ভার ছিল তাহাদেরই উপকার হইয়াছে, এবং গবর্ণ-মেণ্ট যদি হাঁসপাতালে পূর্ব্বাপেক্ষা কম ঔষধ কি পরিমিত দান করেন তাহা হইলে রোগিদিগের চিকিৎসার ও পথ্যের ব্যাঘাত হইবে। এখন যে অপব্যয় হ যত দিন অশিক্ষিত অল্প বেতনভুক ভৃত্যদের হস্তে পাতালস্থ রোগীদিগের পথ্য ও ঔষধ বণ্টনের ভার ত তত দিন ইহা নিবারণ হইবে না, সুতরাং ইডেন স শাসনে ইহাই হইবে যে, পূর্ব্বে অজচ্ছল ঔষধ প্রদানের রীতি থাকাতে কর্ম্মচারিদিগের হস্ত যাহা রোগীদের উপকারার্থে ব্যয় হইত এখন তাহা না।

ইংলিশম্যান ইডেন সাহেবের অনুষ্ঠিত কার্য্য যে ভয়ানক ফলের আশঙ্কা করিয়াছেন তাহা যদি হয় তাহা হইলে দেশের ভারি বিপদ। বস্তু দেশ একটী সুদীর্ঘ হাঁসপাতাল বলিলেও অত্যুক্তি হয় নাই হাঁসপাতালের অর্থ যদি অতৈনিক চিকিৎসালয় হয় হইলে আমাদের উপমাটি ঠিক হয় না। যদি হাঁস রোগীদিগের আত্মনাদপূর্ণ গৃহ হয় তাহা হইলে বঙ্গ তাহাই হইয়া উঠিয়াছে। আবার যেরূপ দেশে রোগের প্রাদুর্ভাব হইতেছে তেমনি লোকের অন্যা বৃদ্ধি হইতেছে, যত বঙ্গসমাজ রোগে পরিপূর্ণ ও হীন হইতেছে, তত চিকিৎসা প্রণালী দুর্ল্লভ ও হইতেছে। ইংরাজি সভ্যতাতে কেবল রোগের প্রদু নাই, লোকের অর্থের অসচ্ছলতা হয় নাই, দেশীয় চিকিৎসার উপর লোকের বিশ্বাসের মূলে করিয়াছে। এতদ্ভিন্ন সমুদয় বঙ্গ সমাজে পূর্ব্বে যে নামও ছিল না এই রূপ সমুদয় অদ্ভুত রোগের অ হইয়াছে। এখন যেরূপ রোগের প্রাদুর্ভাব হ রোগ যেরূপ দিন দিন নূতন আকার ধারণ কর তেমনি পূর্ব্বে যে জাতীয় চিকিৎসকেরা ঔষধের চাদরে বান্ধিয়া পদব্রজে দ্বারে২ ভ্রমণ করিতেন, যাহ টাকা দর্শনি প্রাপ্ত হইলে কেবল নিরোগ হওয় প্রতি দিন রোগীকে প্রয়োজন মত দর্শন ও ঔষধ করিতেন না, সাধ্য মত রোগীর সেবা ও পথ্যে করিতেন সে জাতীয়, চিকিৎসকের অপলোপ হই এই জাতীয় কবিরাজের অপলোপের সঙ্গে সঙ্গ স্বলের অধিকাংশ স্থান হইতে চিকিৎসা উঠিয়া অথচ আলোপেথিক চিকিৎসার কোন রূপ নাই। দেশের যখন এরূপ অবস্থা তখন প্রজ রক্ষারভার গর্ণমেণ্টের গ্রহণ করা কর্ত্তব্য। ইংলিশ যদিও এ বিষয়ে যথোপযুক্ত মনোযোগ প্রদা করেন নাই, তথাচ উহার প্রতি কখনই ইডে বের ন্যায় তত কঠোর শাসনের প্রবর্ত্তনা করেন হাঁসপাতালে অপব্যয় হইলে তাহা নিবারণ করা নহে এবং ইডেন সাহেব যদি কেবল এই রণের জন্যে এই কার্য্যে প্রবর্ত্ত হইতেন আমরা তত ভীত হইতাম না, কিন্তু তিনি এ যেরূপ কৃতসঙ্কল্প হইয়াছেন তাহাতে চিকিৎসা কর্ত্তৃপক্ষীয়েরা সম্ভবতঃ রোগীর সুবিধা ও সুচি উপেক্ষা করিয়া ব্যয় কর্ত্তনের প্রতি যত্ন করিবেন, হাঁসপাতাল কর্ত্তৃক এখন যে উপকার হইতে আর হইবে না। ২০।২৫ বৎসর পূর্ব্বে হাঁসপাতা শুনিলে লোকে ভীত হইত। তাহারা হাঁসপাতাল যমালয় বলিয়া জ্ঞান করিত এবং কেহ নিতান্ত না হইলে আর হাঁসপাতালের আশ্রয় গ্রহণ করি ইডেন সাহেবের শাসনে আবার সম্ভবতঃ গর এই পরম হিতকর কার্য্যটির প্রতি লোকের সেই ও ভয়ের উদয় হইবে। ২০ কি ২৫ বৎসর পূর্ব্বে পাতালের প্রতি লোকের অশ্রদ্ধা থাকাতে ক্ষতি না, তখন রোগের সংখ্যা কম এবং চিকিৎসক সুল এখন বঙ্গদেশ জরাজীর্ণ হইয়াছে, বঙ্গদেশে রোগ ভিন্ন আর কোন কথা নাই, অথচ সার কোন সুবিধা নাই। এরূপ সময় যদি হাঁস গুলির প্রতি লোকের ভক্তির লাঘব হয়, ডা চিকিৎসার সৌকর্য্যের প্রতি উপেক্ষা করিয়া রাজ অর্থপূর্ণ করার যত্ন করেন, তাহা হইলে সাধারণের কি নক দুর্গতিই হইবে। ইডেন সাহেব ব্যয় কর্ত্তনের যে কমিটী নিযুক্ত করিয়াছেন, তাহার মধ্যে স কমিশনার কোটস সাহেব আছেন। তিনি জানে

পাততঃ কি দুরবস্থা এবং এ সময় লোকের পাতাল প্রভৃতির প্রতি অশ্রদ্ধা হয় তাহা হইলেই াবাসীদিগের কি দুরবস্থা হইবে। বৎসর বৎসর ীড়ার প্রাদুর্ভাব হইয়া বঙ্গদেশের গত স্যানিটরি তদ সম্বন্ধে এই রূপ লিখিত হইয়াছে যে, "১৮৭৬ বৎসরের সকল মাসেই বাঙ্গলার সকল জেলাতে রোগ অধিক কি অল্প আকারে প্রাদুর্ভুত হয়। ক্ষে বাঙ্গালা এখন ওলাউঠার এক রূপ আবাস াছে। বাঙ্গলাকে ৬৬৬ মণ্ডলীতে বিভক্ত করিয়া াথায় কোন পীড়া কর্ত্তৃক কত লোক আক্রান্ত ও কের মৃত্যু হয় তাহা নির্ণয় করা হইতেছে এবং এই ১৫৪ স্থানে ওলাউঠা সংক্রামক আকারে, ১৭৪ ভয়ানক আকারে, ৩১৫ মণ্ডলীতে মধ্যম আকারে হয় এবং কেবল ১৯ মণ্ডলীতে ইহা দেখা যায় না। সর অপেক্ষা এ বৎসর ৮৮৩২৮ জন অতিরিক্ত এই রোগে মৃত্যু হয়।" "গত বৎসরের সকল সকল জেলাতে বসন্ত রোগের প্রাদুর্ভাব হয়। গত এই রোগে ১০৭৪৬ লোকের মৃত্যু হয়, ইহার ৎসরে ইহা দ্বারা ৫২৮০ লোকের মৃত্যু হইয়াছিল।" ৎসর সকল জেলাতে বৎসরের সকল সময় জ্বরের ব হয়। গত বৎসর জ্বরে ৫৬০৫৩০ লোকের মৃত্যু হার পূর্ব্ব বৎসর ইহা কর্ত্তৃক ৩৬৮০৮৭ লোকের ইয়াছিল।" "অজীর্ণ রোগে গত বৎসরের পূর্ব্ব অপেক্ষা দ্বিগুণ লোকের প্রায় মৃত্যু হইয়াছিল।" বৎসরের সানিটরি রিপোর্ট অদ্যাপি প্রকাশিত , কিন্তু এ বৎসর যে বাঙ্গলার এক প্রান্ত হইতে ান্ত পর্য্যন্ত মহামারি উপস্থিত হইয়াছিল তাহা বোধ লেই জানেন। এরূপ অবস্থাতে যে কার্য্যে গবর্ণমে- তিষ্ঠিত চিকিৎসালয় গুলির প্রতি লোকের হতশ্রদ্ধা প কার্য্য করা অতি ভয়ানক ব্যাপার এবং ইডেন যেরূপ ভাবে হাঁসপাতালের ব্যয় কর্ত্তন করিতে করিয়াছেন তাহাতে এই রূপ বিপদ হইবার

—০০—

ন ইনকম ট্যাক্সের বিরুদ্ধে এদেশীয়েরা দণ্ডায়মান আমাদের বিশ্বাস হয় যে, যত দিন কলিকাতা- গর হস্তে দেশের শুভাশুভের ভার অর্পিত থাকিবে দেশের মঙ্গল নাই। যখন প্রজাদের অর্দ্ধেক াতে হইবে এই আহ্লাদে আট খানা হইয়া আমা- লিকাতাবাসী নেতারা রোড সেস প্রদানে সম্মত ন আমাদের এই বিশ্বাস আরো দৃঢ়ীভূত হয়। ওয়ার্ক সেস সম্বন্ধে আমাদের নেতারা তার সঙ্গে কাজ করেন তাহাতে আমাদের স আরো দৃঢ়ীভূত হয়, এবং এ সম্বন্ধে যে কিছু ল তাহা লাইসেন্স ট্যাক্সের সময় দূর হইল। এখন তায় কোন রাজনৈতিক আন্দোলন উপস্থিত হইলে র ভয় হয় যে আবার ইহারা দেশের কি ক্ষতি চলিলেন, এই জন্যে আমাদের ইচ্ছা যে, ইহারা আর রাজনৈতিক গোলযোগ না করেন। এই নিমিত্ত স ট্যাক্স লইয়া কলিকাতাবাসীরা সাধারণ সভা ন শুনিয়া আমাদের ভয় হইয়াছে, আনন্দের য় নাই। ফলতঃ আমরা জানিনা না যে প্রস্তাবিত উদ্দেশ্য দরিদ্র প্রজার স্বার্থরক্ষা, কি গবর্ণমেন্টের পক্ষ অথবা অনুষ্ঠানকারীদিগের নিজ স্বার্থ সাধন। ব্রিটিশ আশোশিয়েসন যে আকারে এসম্বন্ধে আবেদন এ সভার কার্য্যাদি সেই রূপ হয় তবে এ সভা না ই ভাল হয়। কারণ বঙ্গবাসীদের এত জীবনী শক্তি ক্রীড়া করিয়া উহা বৃথা নষ্ট করে। গবর্ণমেণ্ট র করিয়া যে কোটি ব্যক্তির উপর এই কর ভার করিতেছেন, যত দিন বিধাতা তাহাদের বাক্যস্ফূর্ত্ত বেন তাহারা নিরব হইয়া তাহা প্রদান করিবে। নিজের স্বার্থের নিমিত্ত তাহাদিগকে বলি দান শঙ্কুচিত হন না, তাহারা এরূপ বন্ধু অপেক্ষা বিক্টোরিয়ার প্রতিনিধিদিগের উপর নির্ভর করিতে সাহস করে। ইডেন সাহেব এখানে চিরকাল না। লর্ড লিটন এবার কমন্সণা দ্বারা দীন হীন দরিদ্রদিগের প্রতি যেরূপ অবিচার করিলেন, তাহা তিনি হয় ত শীঘ্র বুঝিতে পারিবেন। সার জর্জ্জ ক্যাম্বেলের যত্ন এবার বৃথা হউক, ইহা ফলবতী হইবার অবশ্য সুযোগ উপস্থিত হইবে। বিধাতার সৃষ্টি কখনই লয় হইবে না। তিনি রাজপুরুষদিগের হৃদয়ে করুণার উদয় করিবেন। দরিদ্রের চীৎকার ক্রন্দন, আত্মনাদ এক না এক সময়ে অবশ্য সাগর পার হইয়া গমন করিবে, অবশ্য ইহা এক সময় সিমলার অত্যুচ্চ পর্ব্বত শিখরে গমন করিবে, এই ক্রন্দনের রোলে অবশ্য এক না এক সময় ইংলণ্ডেশ্বরীর সিংহাসন টলিবে।

বোম্বাইবাসীরাও মানুষ, কলিকাতাবাসীরাও মানুষ। বোম্বাইবাসী ইংরাজদিগের গৃহ ইংলণ্ডে, এখানকার ইং- রাজদিগের গৃহও ইংলণ্ডে। বোম্বাই গেজেট, বোম্বাই টাইমসের সম্পাদকও ইংরাজ, কলিকাতার ইংরাজি সম্বাদ পত্রের সম্পাদকগণও ইংরাজ, কিন্তু ইহাদের মধ্যে কত প্রভেদ! বোম্বাইবাসীরা স্বার্থে মোহিত হইলেন না, তাহারা ইহা এক বারও মনে চিন্তা করিলেন না যে, দরিদ্র প্রজাদিগকে রক্ষা করিতে হইলে পাছে তাহাদের কর ভার বৃদ্ধি হয়। এই সুযোগে গবর্ণমেন্টের পক্ষ সম- র্থন করিয়া নিজে স্বার্থ সাধন করার প্রবৃত্তি তাহাদের মনে মূহুর্ত্তের নিমিত্ত উদয় হইল না, বোম্বাইবাসী ইংরাজেরা একবারও চিন্তা করিলেন না যে, লাইসেন্স ট্যাক্সের প্রতিবাদ করিলে তাহাদের স্বজাতির অর্থে হস্ত- ক্ষেপ করিতে হইবে। বোম্বাই গেজেট ও বোম্বাই টাইমসে ঘোর বিবাদ, কিন্তু তাহারা দরিদ্র প্রজার জন্যে এই বিবাদ বিস্মৃত হইলেন। লাইসেন্স ট্যাক্স না দিলে ইনকম ট্যাক্স দিতে হইবে, ষ্ট্রাচি সাহেবের এ তাড়নায় তাহারা পতিত হইলেন না। তাহারা বীর পুরুষের ন্যায় অন্নকষ্টে মুমুর্ষ কোটি২ লোককে কর ভার হইতে বিমুক্ত করার জন্যে যুদ্ধ ক্ষেত্রে প্রবেশ করিয়াছেন। এবং যদিও তাহারা যুদ্ধে জয়ী না হউন, তাহারা ইহা সপ্রমাণ করিলেন যে, স্বার্থের নিমিত্ত ভারতবর্ষে মনুষ্য জাতি একেবারে জঘন্যাবস্থায় পতিত হয় নাই। দেশের মঙ্গ- লের নিমিত্ত স্বার্থ উল্লংঘন করে এখানে এরূপ লোকও আছেন।

মফস্বলবাসীরা যত দিন দেশের মঙ্গলের নিমিত্ত কলিকাতাবাসীদিগের প্রতি নির্ভর করিবেন তত দিন দেশের এই রূপ দুর্গতি হইবে, তত দিন এই রূপ অবিচার হইবে। স্বার্থ ও অজ্ঞতায় কলিকাতা- বাসীদিগকে এক নূতন জীব করিয়া তুলিয়াছে। তাহারা ইংরাজ সমাজ কর্ত্তৃক উত্তেজিত হন, ইংরাজি সম্বাদ পত্র দ্বারা জ্ঞান লাভ করেন, রাজপুরুষদিগের রিপোর্ট পাঠ করিয়া দেশের অবস্থা অবগত হন, আবার রাজ প্রসাদের চাকচিক্য দেখিয়া ২৪ঘণ্টা বিস্ময়াপন্ন অবস্থায় থাকেন। এই লোভ ও বিমোহিততা উলংঘন করা নিতান্ত সহজ ব্যাপার নহে, বিশেষ দুর্ব্বল পদানত বাঙ্গালির পক্ষে ইহা এক রূপ অসম্ভব। সুতরাং অনেক সময় কলিকাতাবাসীরা অনেচ্ছায়ও অনেক ত্রুটি করেন। আবার অনেক সময় চতুর ইংরাজদিগের চাতুরিতে বঞ্চিত হন। কিন্তু তাহারা ভ্রমে যাহা করেন তাহার ফলটি যদি সামান্য হইত তাহা হইলে আমরা দুঃখিত হইতাম না। যখন ব্রটীশ ইণ্ডিয়ান আশোসিয়েশন ইনকম ট্যাক্স উঠিয়া যাওয়াতে আনন্দ প্রকাশ করেন এবং সাধারণ সভা আহুত করিয়া ফসেট সাহেবকে অভিনন্দন পত্র প্রদান করেন তখন ইহারা দেশের সর্ব্বনাশ করেন। তাহারা এ ভ্রমে পতিত না হইলে এখন যে অপব্যয়ের নিমিত্ত কলিকাতাবাসীরা চীৎকার করিতেছেন তাহা উঠিয়া যাইত, গবর্ণমেন্টের ব্যয়ের হ্রাসের পক্ষে ২৪ঘণ্টা যত্ন থাকিত, এত দিন ইংরাজ ও এদেশীয়তে আত্মীয়তা হইত, গবর্ণমেন্টের উপর এত দিন প্রজার প্রভুত্বের বৃদ্ধি হইত, এবং তাহা হইলে হয়ত বোম্বাই ও মান্দ্রাজ দুর্ভিক্ষের জন্যে উচ্ছিন্ন যাইত না, আমাদের এরূপ দুরবস্থা হইত না। বঙ্গবাসীরা পূর্ব্বে যে ভ্রম করেন এবার তাহা সংশোধন করিতে পারিতেন, কিন্তু স্বার্থ পিশাচ দেশের সর্ব্বনাশ করিল।

—০০—

গবর্ণমেন্ট ফরেষ্ট ডিপার্টমেন্টে দুই শত টাকা বেত- নের কতক গুলি সব আসিষ্টেন্ট কনসারবেটার নিযুক্ত করিবার সংকল্প করিয়াছেন। যাহারা এই কর্ম্মের আ- কাঙ্খী তাহারা স্বয়ং ফরেষ্ট বিভাগের কনসারবেটর, ডিপুটী কনসারবেটার, অথবা ফরেষ্ট সরবেয়ারের নিকট উপ- স্থিত হইয়া যাহার যে সুখ্যাতি পত্র থাকে তাহার সহিত আবেদন করিবেন। বিশেষ কারণ ভিন্ন ২৫ বৎসরের অধিক কি ১৮ বৎসরের অনধিক বয়স্ক কাহাকে এ কর্ম্মে নিযুক্ত করা হইবে না। কর্ম্মাকাঙ্খীগণ আপনাদের সমকক্ষ সিবিল ও ফরেষ্ট বিভাগের অন্যান্য কর্ম্মচারী- দিগের সঙ্গে সমান পদ মর্য্যাদা রাখিতে পারেন, তাহাদের এরূপ লেখা পড়া জ্ঞাত হওয়া আবশ্যক। ইচ্ছা করিলে ফরেষ্ট বিভাগের ইনেস্পেক্টর জেনারেলের নিকট আবেদন করা যাইতে পারে। আবেদনকারীরা দরখাস্তে নিজ নাম, ধাম, পিতার নাম, লিখবেন এবং জন্ম দিনের সার্টিফিকেট, কোথায় শিক্ষিত হইয়াছেন, তাহার বিশেষ বিবরণ, কোথায় কি কর্ম্ম করা হইয়াছে তাহার সার্টিফিকেট, হিন্দুস্থানী অথবা ব্রহ্ম দেশীয় কি কানারি ভাষায় পারিদর্শিতার সার্টিফিকেট, সার্বে করিতে জানেন তাহার সার্টিফিকেট দরখাস্তের সঙ্গে দাখিল করিতে হইবে। যাহারা রুড়কি কালেজে আসিষ্টেন্ট এঞ্জিনিয়ারির পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন, অথবা সর্বে বি- ভাগে কাজ করিয়াছেন তাহাদের সর্বে সার্টিফিকেট দিতে হইবে না, তবে সার্বে বিভাগ হইতে যাহারা আবেদন করিবেন তাহাদের আপন পারদর্শিতা সম্বন্ধে সার্টিফিকেট দিতে হইবে। যে সমুদয় কর্ম্মাকাংখীরা মনোনীত হইবেন তাহাদের নাম আফিশে রেজিষ্টরী করা হইবে এবং কর্ম্মখালি হইলে ইহারা কর্ম্ম পাইবেন। তবে নাম রেজিষ্টরি হইলেই যে তিনি কর্ম্ম পাইবেন তাহার কোন কথা নাই। কোন কোন স্থানে রূড়কি কালেজের উত্তীর্ণ ছাত্রেরা হিন্দি ভাষায় পারদর্শিতার সার্টিফিকেট না দিতে পারিলেও এই কর্ম্মে নিযুক্ত হইবেন, তবে ইহাঁদের হিন্দি ভাষার পরীক্ষা দিতে হইবে, এবং যত দিন এই পরীক্ষা না দিবেন তত দিন তা- হারা ১৫০টাকায় এই পদে নিযুক্ত হইবেন। ছয় মাসে আর একটী পরীক্ষা দিতে হইবে। পরীক্ষায় উত্তীর্ণ হইলে কর্ম্মে নিয়ম মত নিযুক্ত হইবেন। উপরিউক্ত সম্বাদটী পাঠ করিয়া কর্ম্মাকাঙ্খী বাঙ্গালি যুবকদিগের আশা প্রজ্জ্বলিত হইবে কিন্তুআমাদের ভয় হয় পাছে কেবল মনস্তাপ প্রাপ্তির নিমিত্ত তাহাদের আশার উদ্দীপন হয়। সম্ভবতঃ উপরিউক্ত পদ গুলি আমাদিগকে দেন গবর্ণমেন্টের সেরূপ ইচ্ছা নহে, তাহা হইলে কর্ম্ম নির্ব্বাচন সম্বন্ধে কোন পরীক্ষার সৃষ্টি হইত, তাহা হইলে কর্ম্মে নিযুক্ত করা না করার ভার গবর্ণ- মেন্ট কর্ত্তৃক সম্পূর্ণ এই বিভাগের কর্ত্তৃপক্ষীয়দের হস্তে অর্পণ হইত না। যাহা হউক, কর্ম্মাকাংখী অথচ যোগ্য যুবকদিগকে আমরা নৈরাশ্য পথ অবলম্বন করিতে বলি না। যাহারা যোগ্য তাহাদের এই কর্ম্মের জন্যে যত্ন করা উচিত। এ কাজ গুলি লইয়া বিবাদ করাতেও অনেক ফল আছে।

—০:০—

প্রান্তে ভবিষ্যতে কি প্রণালিতে শান্তি রক্ষা করা উচিত ইহা মীমাংসা করিবার জন্যে একটী কমিশন নিযুক্ত হইতেছে। কমিশন দ্বারা এই কয়েকটী বিষয় সাব্যস্ত হইবে। কি প্রণালীতে বহিশত্রু হইতে প্রান্ত রক্ষা করা যাইবে। প্রান্তে যে সমুদয় গ্রাম আছে সে সমুদয় গ্রাম- বাসীদিগের হস্তে অস্ত্র অর্পণ করিয়া এক দল সৈন্য প্রস্তুত করা উচিত কি না এবং ইহা সম্ভব কি না, পোলি- সের এখানে কর্ত্তব্য কর্ম্ম কি থাকিবে, আভ্যান্তরিক ও প্রান্তের কাজ কর্ম্ম করিবার জন্যে কোথায় কত পোলিশ কর্ম্মচারী নিযুক্ত করা উচিত, পোলিশ সৈন্য এবং গ্রাম- বাসীদিগকে কত বেতন, কি কি অস্ত্র এবং কিরূপ অর্থ সাহায্য করিতে হইবে, প্রান্তে যে সমুদয় স্বাধীন জাতি আছে পাশ সম্বন্ধে তাহাদের কি জবদিহি করিতে হইবে। ব্রিটীশ রাজ্যের মধ্যে যে সমুদয় স্বাধীন রাজারা আছেন তাহাদের দ্বারা কি কি কাজ করিয়া লওয়া যাইবে, প্রান্তে দুর্গ ও থানা প্রস্তুত করিতে হইবে কি না

এবং এ স্থানে যত লোক আছে তাহাদিগকে নিরস্ত্র করা কর্ত্তব্য কি না।

—〇০০〇—

সার রিচার্ড টেম্পল মফস্বলে আপিলেট বেঞ্চ সম্বন্ধে যে প্রস্তাব করেন ইণ্ডিয়া গবর্ণমেণ্ট তাহা মুঞ্জুর করিয়া উহা ষ্টেট সেক্রেটরির নিকট মুঞ্জুরের জন্যে প্রেরণ করিয়াছেন। আমরা এই বিচার প্রণালির পক্ষ বরাবরি সমর্থন করিয়াছি। ইডেন সাহেব এখানে উপস্থিত হইয়া ইহার বিপক্ষে দণ্ডায়মান হইবার যখন উদ্যোগ করেন তখন ইণ্ডিয়ান লীগ ইহা লইয়া ভারি আন্দোলন করেন। যদি ষ্টেট সেক্রেটরি ইহাতে সম্মতি প্রদান করেন তাহা হইলে ইহা দ্বারা যে বিচার প্রণালীর বিশেষ উৎকর্ষ হইবে তাহা আমরা অনায়াসে অনুভব করিতে পারি। তবে ভয়ের মধ্যে এখন ইডেন সাহেব বাঙ্গলার গবরর্ণর। তিনি যেরূপ পাত্রাপাত্র বিবেচনা না করিয়া অনুগত লোককে প্রতিপালন করিতেছেন তাহাতে আমাদের ভয় হয় পাছে তিনি অনুপযুক্ত লোকদিগকে আপিলেট চেঞ্চের বিচারপতি পদে নিযুক্ত করেন।

—〇০০〇—

ভারতবর্ষের প্রান্তে যত গুলি বড় বড় লোক ছিলেন তাহারা একে একে মৃত্যু গ্রাসে পতিত হইলেন। সোয়াতের আখন্দের মৃত্যুর পর তাহার প্রতিযোগী আর এক জন আখন্দের মৃত্যু হয়। প্রান্তে রাষ্ট্র যে, কাবুলের আমিরেরও প্রকৃত মৃত্যু হইয়াছে, আবার জনরব যে কোহাতের আখন্দেরও মৃত্যু হইয়াছে। এই আখন্দ এক জন অতি প্রধান লোক। ইনি ওহাবিদিগের গুরু ছিলেন। মুসলমান ধর্ম্ম এখনও সজীব আছে বটে, কিন্তু ওহাবি ধর্ম্মের ন্যায় প্রখর ধর্ম্ম আর জগতে নাই। প্রবল প্রতাপান্বিত ইংলিশ গবর্ণমেণ্ট এক দিন ভীত হইয়াছিলেন যে, পাছে ওহাবি মুসলমানদিগের দ্বারা তাহারা রাজ্যভ্রষ্ট হন, সুতরাং এই ধর্ম্মের গুরু যিনি তিনি সামান্য লোক নন। ওহাবিদিগের ধর্ম্মের উপর যেরূপ অচলা ভক্তি তাহাতে কোহাতের আখন্দের মৃত্যুর কথা শুনিয়া তাহারা যে অতিশয় শোকাকুল হইবেন তাহার কোন ভুল নাই।

———000———

কাসগারের পতন সম্বন্ধে নিম্নলিখিত সম্বাদ আসিয়াছে। "৭ই ডিসেম্বরে কাসগার শত্রু হস্তে পতিত হইয়াছে। কাসগারের আমিরের কি গতি হইয়াছে, তাহার কোন সম্বাদ এখনও পাওয়া যায় নাই, তবে তাহার চারি জন মহিলা ও চারি জন বাঁদি রুশিয় রাজ্যে পলায়ন করিয়াছে। আমরা গত বার বলিয়াছি যে, পৃথিবীতে যিনি যত অধর্ম্ম কাজ করেন, এখন তাহার তত জয়। তুর্কির এই জন্যে পতন হইল, রুশিয়ার এই নিমিত্ত জয় হইল, কাসগার এই নিমিত্ত শত্রু হস্তে পতিত হইল, এবং চিন গবর্ণমেণ্টের বিজয়ী সৈন্য এই নিমিত্ত কাসগারে প্রবেশ করিল। ফল হিন্দু জাতির ও হিন্দু ধর্ম্মের ন্যায় মুসলমান জাতি ও মুসলমান ধর্ম্মের বোধ হয় পতন হইল। বৌদ্ধ ধর্ম্মের ও বৌদ্ধ জাতির এখন পতন হইলে আশিয়ার পতন সম্পূর্ণ হয়। কাসগারের পতন সম্বন্ধে আমাদের সুখের মধ্যে এই যে, কাসগার ইউরোপীয় কোন জাতির হস্তে পতিত হয় নাই।

—···:···—

এই রূপ রাষ্ট্র যে, ভারতবর্ষের প্রান্তে দুইটী স্বাধীন জাতি আমিরের নিকট এই বলিয়া আবেদন করিয়াছে যে, তাঁহার জন্যেই জোয়াকিদিগের পতন হইল। আমিরের পরামর্শ ও উৎসাহে তাহারা বৃটিশ রাজ্যের সঙ্গে বিবাদ আরম্ভ করে, অথচ বিপদ কালে তিনি তাহাদিগকে কোন সাহায্য করিলেন না। আবেদনকারীরা বিরক্ত হইয়া বলিয়াছেন যে, তিনি এবার যেরূপ কাজ করিয়াছেন তাহাতে তাঁহার আলি মস্‌জিদ দুর্গ রক্ষার জন্য তিনি প্রান্তবাসীদিগের কোন রূপ সাহায্য প্রাপ্ত হইবেন না। এই সম্বাদটী সত্য কি না তাহা আমরা জানি না, যদি সত্য হয় তাহা হইলে হয় ত আমিরের এই বিশ্বাসবাতকতার দ্বারা ইংরাজদিগের কিছু উপকার হইবে, কিন্তু আমির যদি জীবিত থাকেন তাহা হইলে কিছু বিপদ হইবার সম্ভব। বোধ হয় এই নিমিত্ত এখনও জোয়াকিদিগের যুদ্ধের শেষ হয় নাই।

—〇০০〇—

বেঙ্গল গবর্ণমেণ্টের আদেশ অনুসারে হাইকোর্টে নিয়ম করিয়াছেন যে, দেনার জন্যে যে সমুদয় লোক দেওয়ানি আদালতে আবদ্ধ থাকে তাহাদের মাসিক খোরাকি যদি পূর্ব্ব মাসের শেষ দিন দাখিল না হয় তাহা হইলে কর্ত্তৃপক্ষীয়েরা তাহাদিগকে অবিলম্বে কারাগার হইতে মুক্তি দিবেন।

—০:০—

গবর্ণমেণ্ট সম্বাদ পাইয়াছেন যে জোয়াকিগণ গবর্ণমেণ্টের প্রস্তাবিত সর্ত্তে সন্ধি স্থাপন করিতে সম্মত হইয়াছে। তাহাদের দলপতিরা সত্বর পেশোয়ারে উপস্থিত হইয়া সন্ধি স্বাক্ষর করিবে।

বিজ্ঞাপন ॥

যোগবাশিষ্ঠ রামায়ণ বিতরণ (পূর্ব্বখণ্ড)

আমি কেবল ডাকমাসুল ও দুই জন সরকারের বেতন কিঞ্চিৎ অর্থাৎ সর্ব্ব সমেত ২৵০ মাত্র লইয়া যোগবাশিষ্ঠের বৈরাগ্য হইতে উপশম পর্য্যন্ত পাঁচ প্রকরণ বিতরণ করিব। প্রার্থিগণ ২২এ ফাল্গুণের মধ্যে অগ্রিম ২৵ সহিত নিম্ন ঠিকানায় আবেদন করিবেন।

কলিকাতা বাগবাজার রাজরাজ বল্লভ ষ্ট্রিট ১৬ নং } শ্রীগণেশচন্দ্র ভট্টাচার্য্য যোগবাশিষ্ঠ প্রকাশক।

যুদ্ধ সম্বন্ধীয় তারের সংবাদ।

১৯শে ফেব্রুয়ারি। ইংলিশ রণতরী মুডানিয়া হইতে টুজলাতে গমন করিয়াছে। প্রিন্স বিসমার্ক জার্ম্মেনীর পার্লিয়ামেণ্টে বক্তৃতা করেন যে প্রস্তাবিত সন্ধির মধ্যে এরূপ কিছু নাই যাহাতে জার্ম্মেনীর বর্ত্তমান ভারের পরিবর্ত্তন করার প্রয়োজন হইতে পারে। তাহার বিশ্বাস ইহা লইয়া ইউরোপে আবার যুদ্ধ হইবে না। জার্ম্মেনী মধ্যবর্ত্তী থাকিতে পারেন কিন্তু কিছুতেই হস্তক্ষেপ করিবেন না এবং জার্ম্মেনী, ইংলণ্ড, অষ্ট্রীয়া একত্রিত হইয়া রুশিয়ার বিপক্ষে দণ্ডায়মান হন এরূপ কার্য্যে তিনি উৎসাহ প্রদান করিবেন না। রাজসভা স্থাপন স্থির হইয়াছে। অষ্ট্রীয়ার রাজমন্ত্রী সভার প্রেসিডেণ্ট প্রকাশ করেন যে যাহাতে যে কার্য্যে ইউরোপের ব্যালেন্স অব পাওয়ার এবং অষ্ট্রীয়া গবর্ণমেণ্টের স্বার্থ ধ্বংশ হয় তাহা তাঁহারা করিতে দিবেন না। গালিপোলিতে রুশিয়রা গমন করে কি না সে সম্বন্ধে ইংলণ্ড ও রুশিয়াতে কথা বার্ত্তা হইতেছে। আগামী কল্য গবর্ণমেণ্ট এ সম্বন্ধীয় সমুদয় কথা প্রকাশ করিবেন।

২১শে। নর্থকোট সাহেব প্রকাশ করিয়াছেন যে, রুশিয়রা গালিপোলি বুলেয়ার লাইন্স, অথথা ডার্ডিনেলিসের আশিয়ার দিকে গমন করিবেন না। এক সপ্তাহের মধ্যে বেডন বেডনে রাজসভা আহুত হইবে।

২২শে। রুশিয়রা রষ্টচকে গমন করিয়াছে। তুর্ক আর্জ্জরুম পরিত্যাগ করিয়াছে।

২৩শে। রুশিয়রা সুলতানের নিকট তাহার কতকগুলি রণতরী চাহিয়াছেন কিন্তু সুলতান স্বীকার হন নাই। তিনি বলিয়াছেন যে বরং তিনি ইহা নষ্ট করিবেন। সন্ধি পত্রের স্বাক্ষর করা বিলম্ব হইতেছে। বোধ হয় রুশিয়রা কনেষ্টেণ্টিনোপোলে গমন করিবে।

২৪শে। যদি সুলতান ইংরাজদিগকে রণতরী অর্পণ না করেন তাহা হইলে রুশিয়া রণতরী দাবি করিবে না। আগামী কল্য গ্রাণ্ড ডিউক এবং সেফয়েট পাশা সেন্সটেফানো সন্ধি পত্রে স্বাক্ষর করিবেন। রুশিয় হেড কোয়াটারে মিডিয়ার ঠিক উত্তরে ষ্টিফানেস নামক স্থানে লওয়া হইয়াছে। রুশিয়রা পিরোট ও আকপালানাকে নামক স্থান অধিকার করিয়াছে, সারভিয়ানরা ইহার প্রতিবাদ করিয়াছে এবং তাহারা নিস্‌কিতে প্রত্যাবর্ত্তন করিতেছে।

সন্ধি সক্রান্ত নিম্নলিখিত নূতন সর্ত্তগুলি প্রকাশিত হইয়াছে। বলগেরিয়া করদরাজ্য ড্যানিউব হইতে বাল্কন পর্য্যন্ত এবং কৃষ্ণসাগর হইতে সার্ব্বিয়ার প্রান্ত পর্য্যন্ত বিস্তৃত হইবে। এতদ্ভিন্ন মারিধজা (আড্রিয়ানোপল বাদে) এবং থ্রেস ও মেসিডোনিয়ার অধিকাংশ উহার অন্তর্গত হইবে। বলগেরিয়া রাজ্যের তত্বাবধানের ভার দুই বৎসর পর্য্যন্ত কতক গুলি রুশিয়ানের হস্তে থাকিবে এবং ঐ সময় পর্য্যন্ত ৫০ হাজার রুশিয়া সৈন্য উহা অধিকার করিয়া থাকিবে। সারভিয়ার ও সণ্টেনিগ্রোর আয়তন বৃদ্ধি হইবে। রুসিয়া বেসারেভিয়ার পরিবর্ত্তে রুমেনিয়াকে ডুবুরুড্‌সা প্রদান করিবেন। কোন জাতির রণতরী ডারডেনেলিস দিয়া যাইতে পারিবে না কিন্তু সকল জাতীয় বণিকদিগের জাহাজ যুদ্ধের সময়ও গমনাগমন করিতে পারিবে। রুশিয়া যুদ্ধের ক্ষতিপূরণের নিমিত্ত ২০০ কোটী টাকা চাহিয়াছেন। এই ক্ষতি পূরণার্থে তুর্কি রুশিয়াকে ছয় খানি রণতরী, কার্স, বেটম, বেয়াজিদ, আরদাহন, প্রদেশ এবং বার কোটী টাকার খত প্রদান করিয়াছেন, এতদ্ভিন্ন বলগেরিয়া ও ইজিপটের রাজস্ব রুশিয়া আদায় করিবেন।

২৫। ইংরেজী সম্বাদ পত্রের মতে সর্ত্তির সর্ত্ত গুলি অতিশয় কঠোর হইয়াছে। এবং তাহাদের মতে ইউরোপে যুদ্ধ হইবার সম্ভাবনা। অষ্ট্রিয়া সামরিক আয়োজনের বৃদ্ধি করিতেছেন।

২৬। প্রিন্স গর্চ্চকাফ পীড়িত হইয়াছেন। পার্লিয়ামেণ্টে তর্কবিতর্ক হয় যে রুশিয়া যদি ইজিপটের রাজস্ব আদায় করেন, তাহা হইলে ইংলণ্ডের সমূহ ক্ষতি হইবার সম্ভাবনা। রুশিয়া ও তুর্কির সন্ধি স্বাক্ষরিত হয় নাই। তুর্কি ছয় খানি রণতরী রুশিয়াকে প্রদান করিবেন কি না তাহা সাব্যস্থ হয় নাই।

সংবাদ।

—টেলিফোনের দ্বারা দূর হইতে আলাপ করা যায়, কিন্তু এখন আর একটি বৈজ্ঞানিক যন্ত্রের সৃষ্টি হইয়াছে। এই যন্ত্র দ্বারা কেবল দূর হইতে লোকে এ বাক্যালাপ করিতে সক্ষম হইবে না, তাড়িত আলোকের সহায় টেলিফোন যোগে দূর হইতে পর পর পরস্পরকে দেখান যাইবে। অর্থাৎ যোজনান্তর হইতে এখন এই যন্ত্র যোগে লোকে কেবল কথাবার্ত্তা কহিতে সক্ষম হইবেন না, এক স্থানে বসিয়া পরস্পরের মুখ দেখিয়া যেরূপ কথাবার্ত্তা চলে ইহা দ্বারা তাহাই হইবে।

—পূর্ব্বে রাষ্ট্র হয় যে, ডেরাগাজিখাঁতে প্রান্তবাসীরা উপদ্রব করায় এই স্থানের পথ কমিশনার অবরোধ করিতেছেন সে অমূলক। এই স্থানের কতক গুলি প্রান্তবাসী অসভ্যদিগের নিকট চোরা মাল আছে এই সন্দেহ হওয়াতে কমিশনার সাহেব তাহাদিগকে অবরোধ করেন।

—কাশ্মীরের পার্ব্বতীয় অঞ্চলে এখন লোকের ভারি অন্নকষ্ট হইয়াছে।

—কাবুলে এবার যেরূপ তুষার পতিত হইয়াছে এরূপ তুষার আর কোন কালে সেখানে পতিত হয় নাই। তুষারে রাস্তাসমস্ত বন্ধ হয় এবং লোকের গতায়াত করা দুঃসাধ্য হইয়া উঠে।

—সোয়াতের মৃত আখন্দের পুত্র মিয়াপুল তাহার পিতার ন্যায় আপনিও ধর্ম্ম চিন্তায় ব্যাপৃত হইতে সংকল্প করিয়াছেন। এ দিকে তাহার শত্রু ডবের সর্দ্দার সসৈন্যে সোয়াতে উপস্থিত হইয়াছে। ইহার সঙ্গে সোয়াতের আখন্দের যুদ্ধ হইবার সম্ভাবনা। যুদ্ধে কি হয় বলা যায় না।

—এই রূপ রাষ্ট্র যে, প্রিন্স কনটের সঙ্গে প্রিন্স ফ্রেডারিক চার্লসের কন্যার বিবাহ হইবে। ইউরোপের মধ্যে যাহারা প্রধান তাহারা সকলই ইংরাজদিগের ঘনিষ্ঠ কুটুম্ব, অথচ যাহারা ইহাদের কুটুম্ব তাহাদের সঙ্গে ইহাদের বিবাদ। ইংরাজ জাতি কতক দিল্লির লাড্ডুর ন্যায়।

—বোধ হয় পূর্ব্ব জন্মের কোন পাপের নিমিত্ত জাপানের আশিয়ায় জন্ম হইয়াছিল, কারণ জাপানবাসীরা অনেক বিষয়ে আশিয় জাতির ন্যায় জঘন্য নহে। ইহারা প্রায় সকল বিষয়ে ইউরোপীয় জাতির সঙ্গে সমান উন্নতি করিতেছে। জাপান গবর্ণমেণ্ট যুদ্ধ বিদ্যা শিক্ষা করিবার জন্যে এক জন সৈনিক পুরুষকে ফ্রান্সে প্রেরণ করেন এবং তুর্কি ও রুশিয়ার যুদ্ধ আরম্ভ হইলে তিনি সমর ক্ষেত্রে যুদ্ধ শিক্ষার নিমিত্ত প্রেরিত হন। তিনি এ পর্য্যন্ত বরাবর যুদ্ধ স্থলে অবস্থিতি করিয়া যুদ্ধ শিক্ষা করিয়াছেন। সম্প্রতি জাপান গবর্ণমেণ্ট এক খানি রণতরী যোগে তাহাকে ভূমধ্য মহাসাগরে প্রেরণ করেন এবং রুশ সম্রাট ইহাকে আদরের সহিত গ্রহণ করেন।

—হিন্দু হিতৈষিণী লিখিয়াছেন, সার রিচার্ড টেম্পল সাহেব বদমায়েস দমনের বিধান করিয়া এদেশীয় নিরীহ লোকদিগের শান্তির সুপথ করিয়াছিলেন, কিন্তু এস লী ইডের মহোদয় বঙ্গদেশের লেপ্টেনেণ্ট গবর্ণর হইয়া সে পথে কণ্টক স্থাপন করিয়াছেন অল্প কয়েক মাস হইল ইডেন সাহেব বদমায়েসদিগের প্রতি যথেষ্ট অনুগ্রহ প্রকাশ করাতে উহারা এক কালে দিগুণ সাহসে স্বার্থ সাধনার্থ হস্ত প্রসারণ করিতেছে। স্থানে২ চুরি ডাকাইতি এবং লোকের উপর অনর্থ অত্যাচার হইতেছে, যে সকল অসচ্চরিত্র লোকে ঈদৃশ অন্যায় কার্য্য করিয়া আসিতেছে তাহা দিগকে পুলিষ পর্য্যন্ত অবগত আছেন, কিন্তু ইডেন সাহেবের কঠোর তিরস্কার ভয়ে কেহই সাহস পূর্ব্বক উহাদের সমুচিত শাসনে সমর্থ হইতেছেন না। পূর্ব্বে ঢাকাতে তিন তাসের খেলায় অনেকের সর্ব্বনাশ হইয়াছে। তৎপর আইন প্রভাবে নগর হইতে তাড়িত হইয়া উহারা গ্রাম সমূহে আশ্রয় লইয়াছে। নগর অপেক্ষা গ্রামে উহাদের যে অধিকতর লাভ হইতেছে, তাহা সহজেই প্রমাণি হইতে পারে। নগরে নানা আশঙ্কা আছে, গ্রামে কোন শঙ্কার বিষয় নাই। চুরি অথবা বল প্রয়োগ উভয়ই চলিতেছে, তদ্ভিন্ন জুয়া খেলার উপার্জ্জনত আছেই, দুশ্চরিত্রেরা খেয়াঘাট এবং গ্রাম্য পথের মোড় প্রভৃতি স্থানেই আড্ডা করিয়া বসিয়াছে। ইহা দ্বারা অদূরদর্শী বহু সংখ্যক লোককে প্রতারিত এবং স্বধনে বঞ্চিত করিতেছে; ইহা সামান্য অনিষ্টকর নহে। আমরা অনেকবার এসকল কথা প্রকাশ করিয়াছি, কিন্তু গবর্ণমেণ্টের ইচ্ছা যখন অন্য রূপ, তখন এ সকল অনিষ্টের কথায় কর্ণপাত করিতে অবকাশ পান না। যে হউক, আমরা কর্ত্তৃপক্ষকে অনুরোধ করিতেছি যে তাঁহারা বসিলার খেয়াঘাট, শীকারিটোলা এবং নওয়ারের তিন তাসী বদমায়েসদিগকে শাসন পূর্ব্বক প্রজার হিতসাধন করুন।

—চিনবাসীরা দেশ হইতে রেলওয়ে টেলিগ্রাফ উঠাইয়া দিয়া টেলিফোনের ব্যবহার করিতেছে।

—চিন দেশে আজ কয়েক বৎসর অবধি ভয়ানক দুর্ভিক্ষ হইতেছে। সম্প্রতি সেখানে একটি লোমহর্ষ ব্যাপার হইয়া গিয়াছে। টাইলেষ্টিন নামক স্থানে চারি হাজার দুর্ভিক্ষ প্রপীড়িত ব্যক্তি একত্রিত হইয়া অবস্থিতি করিত। এই স্থানে দৈবাৎ আগুণ লাগে এবং আগুণ নিবারণ করিবার পূর্ব্বে ১০০৪ এক হাজার চারি শত লোক অগ্নি কর্ত্তৃক দগ্ধ হইয়া প্রাণ ত্যাগ করে।

—টিকারির মহারাজা টিকারি চিকিৎসালয়ের জন্যে ১২ হাজার, ফতেপুর ও টিকারির মধ্যে পাকা রাস্তা নির্ম্মাণের নিমিত্ত ১৬ হাজার, এবং শিল্প বিদ্যালয়ের জন্যে এক হাজার টাকা দান করিয়াছেন।

—এই রূপ গল্প উঠিয়াছে যে, আমিরের ইতিমধ্যে ছয় লক্ষ টাকার প্রয়োজন হয়। তিনি এই টাকা সংগ্রহ করিবার জন্যে কান্দাহারে লোক পাঠান। কান্দাহারের গবর্ণর এই ছয় লক্ষ টাকা সংগ্রহ করিয়া অশ্ব যোগে উহা কাবুলে প্রেরণ করিয়াছেন।

—মান্দ্রাজ প্রেসিডেন্সির কোন স্থানে কত আবাদ হইয়াছে এবং কোথায় কিরূপ শস্য হইবার সম্ভাবনা আছে, ইহার সবিশেষ রিপোর্ট প্রস্তুতের জন্যে মান্দ্রাজ গবর্ণর নিম্নস্থ কর্ম্মচারীদিগের প্রতি আদেশ করিয়াছেন।

—পাইওনিয়ার ক্রমে জোয়াকিদিগের ভারি গোঁড়া হইয়া উঠিতেছেন। যখন গবর্ণমেণ্ট সন্ধিস্থাপন উপলক্ষে প্রস্তাব করেন যে, জোয়াকিদিগের দুই জন দলপতিকে অর্পণ করিতে হইবে, তখন পাইওনিয়ার গবর্ণমেণ্টের প্রস্তাবের প্রতি অতিশয় ঘৃণা প্রকাশ করেন। তিনি ঘৃণা প্রকাশ করিয়া ক্ষান্ত হন না। তিনি যে পরিমাণ গবর্ণমেণ্টের প্রতি ঘৃণা প্রকাশ করেন, সেই পরিমাণ জোয়াকিদিগের প্রশংসা করেন। তিনি তখন বলেন যে, গবর্ণমেণ্ট এই রূপ প্রস্তাব করিয়া অতিশয় অন্যায় কাজ করিয়াছেন এবং এই রূপ প্রস্তাব অনুসারে কার্য্য করিতে অসম্মতি প্রকাশ করিয়া জোয়াকিরা কেবল ইংলিশ গবর্ণমেণ্টকে শিক্ষা দেয় নাই, তাহাদের এই রূপ ব্যবহার দ্বারা ইউরোপীয় জাতি মাত্রের শিক্ষা পাওয়া উচিত। পাইওনিয়ার সম্প্রতি আবার লিখিয়াছেন যে, ইংরাজ রাজ্য হইতে যে বন্দুক অপহৃত হইয়া জোয়াকিদিগের হস্তে পড়ে সে অপহরণ জোয়াকিদিগের দ্বারা হয় না, গবর্ণমেণ্টের নিজের লোকেরা উহা করে। যে সকল যোদ্ধারা প্রান্ত যুদ্ধে ব্যাপৃত, তাহাদের উপর আদেশ করা হইয়াছিল যে, তাহারা যখন শয়ন করিতে যাইবে তখনও তাহারা বন্দুক ছাড়িবে না, বন্দুক পার্শ্বে রাখিয়া নিদ্রা যাইবে, কিন্তু যোদ্ধারা এই আজ্ঞা প্রতিপালন করে না। তাহারা সচরাচর যেরূপ শয়ন করিবার পূর্ব্বে সকলে এক স্থানে বন্দুক সাজাইয়া রাখে তাহাই করিয়া নিদ্রা যাইত এবং রাত্রে চোরে আসিয়া ইহা চুরি করে। পাইওনিয়ার বলেন যে, যদিও এই সমুদয় বন্দুক শেষে জোয়াকিদিগের হস্তে পতিত হয় কিন্তু উহা তাহারা চুরি করে নাই। জোয়াকিরা কেন চুরি করে নাই এবং অপরে চুরি করিয়া জোয়াকিদের হস্তে কেন অর্পণ করে তাহার কোন প্রমাণ পাইওনিয়ার প্রদর্শন করেন নাই। সে যাহাহউক, পাইওনিয়ার যে সহসা জোয়াকিদিগের প্রতি এরূপ সদয় হইলেন ইহার কারণ কি? সহজে বিবাদ নিষ্পত্তি করিবার জন্যে এই খেলা তিনি খেলিতেছেন, অথবা ইহার আর কোন উদ্দেশ্য আছে?

—গত সপ্তাহে কলিকাতায় দুইটি অনুষ্ঠান হইয়া গিয়াছে। একটি সর্দ্দার দয়াল সিংহকে অভ্যর্থনা করা এবং দ্বিতীয় বাবু দ্বিজেন্দ্র নাথ ঠাকুরের বিদ্বজ্জন সভার আহ্বান। উভয় স্থানে বিস্তর ভদ্র লোকের সমাগম হয়। দ্বিজেন্দ্র বাবু এই শুভকর অনুষ্ঠানটি আজ কয়েক বৎসর হইতে আরম্ভ করিয়াছেন এবং প্রতি বৎসর ইহার সমানরূপে শ্রীবৃদ্ধি হইতেছে।

—রুটলেজ নামক এক জন সাহেব ভারতবর্ষে বাঁশ হইতে কাগজ প্রস্তুত করার উদ্যোগ করিতেছেন। আপাতত ইহা ব্রিটীশ ব্রহ্মদেশ ও ভারতবর্ষের মধ্য প্রদেশে আরম্ভ করিবেন।

—এই রূপ রাষ্ট্র যে, গবর্ণর জেনারেল আগামী মাসে ইন্দোরে গমন করিবেন। স্বাধীন রাজাদিগের মধ্যে পূর্ব্বে মহারাজা হলকর বৃটীশ গবর্ণমেণ্টের অপ্রিয় ছিলেন, এখন সম্ভবতঃ ইনি সর্ব্বাপেক্ষা অধিক প্রিয় হইয়াছেন। গাইকোয়াড়ের দুর্গতির পর হইতে এই রূপ পরিবর্ত্তন আরম্ভ হইয়াছে।

—লাইসেন্স ট্যাক্স ও লবণের শুল্ক বৃদ্ধির কথা শুনিয়া সার জর্জ ক্যাম্বেল অস্থির হইয়াছেন। তিনি ইহা লইয়া সম্বাদ পত্রে আন্দোলন করেন আবার হাউস অব কমন্সেও ইহা উপস্থিত করেন, কিন্তু দুর্ভাগ্য ক্রমে ক্যাম্বেল সাহেব এখানে যেরূপ অপ্রিয় ছিলেন, বিলাতেও সেই রূপ অপ্রিয় হইয়া উঠিয়াছেন। তাঁহার চরিত্র দোষে তাঁহার দোষ গুণ বাছিয়া লওয়া লোকের পক্ষে কঠিন হইয়া উঠে।

=যখন ডার্ডিনেলিসে বৃটিশ রণতরী ভাসমান হয় তখন লণ্ডন হইতে রণতরী অধ্যক্ষ এই মর্ম্মে তারের সম্বাদ প্রাপ্ত হন: "আপনার অধীনে যে সমুদয় রণতরী আছে তাহা অবিলম্বে ডার্ডিনেলিস দিয়া কনেষ্টেণ্টিনোপোলে প্রেরণ করিবেন। যুদ্ধের সঙ্গে কোন সংস্রব রাখিবেন না, তবে জল পথ যেন কেহ অবরোধ না করে এবং কনেষ্টেণ্টিনোপোলে যদি যুদ্ধ হয় তবে সেখানে যে সমুদয় বৃটিশ প্রজা আছে তাহাদিগকে রক্ষা করিবেন। জল পথ অবরুদ্ধ করিবার জন্যে কোন কোন জাহাজ পাঠাইতে হইবে তাহা [illegible] ন, তবে কনেষ্টেণ্টিনোপোলে ওদিকে যাওয়ার প্রয়োজন নাই। কোথায় গমন করিবেন তাহা যেন কেহ আপাতত জানিতে না পায়।"

—আগামী ৬ই মার্চ্চ তারিখে বাবু কেশব চন্দ্র সেনের কন্যার সহিত কুচবেহারের মহারাজার বিবাহ হইবে। গত সোমবারে কন্যা কর্ত্তারা কলিকাতা হইতে কুচবেহারে কন্যা লইয়া গিয়াছেন।

